

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
সরকারি পরিবহন পুর্ণ ভবন  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং-আর-৬/৭এন-৮৩/২০১৫ (বিবিধ)-৩৮৯

তারিখঃ ২৮/০৮/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ নোটারী সনদ বাতিল প্রসঙ্গে।

সুত্রঃ জনাব মোঃ ফজলুর রহমান এর দায়েরকৃত বিগত ০৮/০১/২০১৮ খ্রিঃ তারিখের অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার এ্যাডভোকেট জনাব মোঃ শরফুদ্দিন ভূইয়া, এ্যাডভোকেট জনাব চন্দন কুমার দাস এবং এ্যাডভোকেট জনাব মোঃ ওবায়দুল্লাহ, নোটারী এ্যাডভোকেটগণ নাবালক ছেলে-মেয়েদের বয়স বাড়িয়ে এফিডেভিটের মাধ্যমে বাল্য বিবাহ সম্পাদন করিয়েছেন যা তদন্তে প্রমাণিত এবং তাদের উক্তরূপ কার্য “The Muslim Marriage and Divorces (Registration) Act, 1974” এর সুল্পষ্ট লংঘন এবং অসদাচরন। আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৬ হতে জারীকৃত বিগত ২৯/০৮/২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-আর-৬/৭এন-০৮/২০১৫-১৭৫ এবং বিগত ২১/০৩/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং-আর-৬/৭এন-০৮/২০১৫-১৬৫ এর প্রেক্ষিতে নোটারী এ্যাডভোকেটদের নিকট ঘোষণার মাধ্যমে বিবাহ ও তালাক রেজিস্ট্রী করার আইনগত সুযোগ না থাকা সত্ত্বেও উল্লিখিত বিজ্ঞ এ্যাডভোকেটগণ বিবাহ সংক্রান্তে এফিডেভিট সম্পাদন করায় আইন ও বিধি বহিভূত কাজ করেছেন।

এমতাবস্থায়, এ্যাডভোকেট জনাব মোঃ শরফুদ্দিন ভূইয়া, এ্যাডভোকেট জনাব চন্দন কুমার দাস এবং এ্যাডভোকেট জনাব মোঃ ওবায়দুল্লাহ-কে নোটারী বিধিমালা, ১৯৬৪ এর বিধি ১৩ মোতাবেক আসদাচরনের দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় তাদের নোটারী সনদ বাতিল করা হলো।

সংযুক্তঃ বিচার শাখা-৬ এর পূর্বের জারীকৃত পত্র ২ (দুই) ফর্দ।

ঘাঃ-

(মোঃ আনোয়ারুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৬৬০১০

নং-আর-৬/৭এন-৮৩/২০১৫ (বিবিধ)-৩৮৯

তারিখঃ ২৮/০৮/২০১৯ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :-

- ১। বিজ্ঞ জেলা জজ, কিশোরগঞ্জ।
- ২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৩। সড়কপতি, জেলা আইনজীবী সমিতি, কিশোরগঞ্জ।
- ৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। এ্যাডভোকেট জনাব মোঃ শরফুদ্দিন ভূইয়া, পিতা-মৃত ইদরিছ ভূইয়া, জেলা আইনজীবী সমিতির সদস্য, কিশোরগঞ্জ।
- ৬। এ্যাডভোকেট জনাব চন্দন কুমার দাস, পিতা-মৃত অম্বত লাল দাস, জেলা আইনজীবী সমিতির সদস্য, কিশোরগঞ্জ।
- ৭। এ্যাডভোকেট জনাব মোঃ ওবায়দুল্লাহ, পিতা-মৃত মোঃ মাজহারুল ইসলাম, জেলা আইনজীবী সমিতির সদস্য, কিশোরগঞ্জ।
- ৮। অফিস কপি।

২৮/০৮/২০১৯

(মোঃ আনোয়ারুল হক)

সিনিয়র সহকারী সচিব।